রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৫, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৫ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস, আর, ও, নম্বর ৪৫৪-আইন/২০২৫।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম**।—এই বিধিমালা গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "**কমিশন**" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "**জিপিএ**" অর্থ Grade Point Average (GPA);

(গ) "**তফসিল**" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "**নিয়োগকারী কর্তৃপক্ষ**" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;


মূল্য : টাকা ৩০·০০

(ঙ) "**পদ**" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) "**প্রয়োজনীয় যোগ্যতা**" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(ছ) "**শিক্ষানবিশ**" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) "**সিজিপিএ**" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) "**স্বীকৃত বিশ্ববিদ্যালয়' বা 'স্বীকৃত বোর্ড' বা 'স্বীকৃত ইনস্টিটিউট'** অর্থ আপাতত: বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট' বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ এর দফা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিল-১ এ বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে চাকরি (বেতন -ভাতাদি) আদেশ, ২০১৫ এর ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন বা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্ত হইলে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নবনিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে;

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ**।— নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিল-১ এ বর্ণিত কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৭। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয় ।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয় যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন;

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে, সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৮। **বিশেষ বিধান।**—(১) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর অধীন নিয়োগপ্রাপ্ত ক্রমিক নং ৩১ এ উল্লিখিত 'মালী' এবং ক্রমিক নং ৩২ এ উল্লিখিত 'পরিচ্ছন্নতা কর্মী' পদে বর্তমানে কর্মরত কর্মচারীগণের অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে।

(৩) তফসিল-১ এ বর্ণিত ক্রমিক নং ৪৬ এ উল্লিখিত 'মালী' এবং ক্রমিক নং ৪৭ এ উল্লিখিত 'পরিচ্ছন্নতা কর্মী' পদে কর্মরত কোনো কর্মচারীর পদ অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উহার বিপরীতে উক্ত পদ দুটিতে "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) গণগ্রন্থাগার অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে;

(গ) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(ঘ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

## তফসিল-১

[ বিধি ২(গ), (ঙ), (চ), ৩, ৬, ৭(৪) এবং ৮ দ্রষ্টব্য ]

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | যুগ্মসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২. | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপ-পরিচালক) পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>উপসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে । |
| ৩. | প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপ-পরিচালক) | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা সহকারী পরিচালক বা লাইব্রেরিয়ান বা লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক পদে অন্যূন ১২ বছরের চাকরির অভিজ্ঞতা। |
| ৪. | সিনিয়র লাইব্রেরিয়ান | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী পরিচালক বা লাইব্রেরিয়ান বা লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি: |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহনযোগ্য হইবে না; এবং (খ) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গ্রন্থাগারে প্রথম শ্রেণির পদে অন্যূন ৫ (পাঁচ) বছর চাকরির অভিজ্ঞতা। |
| ৫. | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬. | (ক) লাইব্রেরিয়ান<br>(খ) লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী লাইব্রেরিয়ান/প্রশাসনিক কর্মকর্তা বা সহকারী লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বছরের চাকরির অভিজ্ঞতা।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭. | সহকারী পরিচালক | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে (শতকরা ৫০ ভাগ পদ সহকারী লাইব্রেরিয়ান ও সহকারী লাইব্রেরিয়ান/ প্রশাসনিক কর্মকর্তাগণের মধ্য হইতে এবং শতকরা ৫০ ভাগ পদ উপসহকারী পরিচালক ও অফিস তত্ত্বাবধায়কগণের মধ্য হইতে) এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী লাইব্রেরিয়ান, সহকারী লাইব্রেরিয়ান/প্রশাসনিক কর্মকর্তা, উপসহকারী পরিচালক পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা অফিস তত্ত্বাবধায়ক পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৮. | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৯. | সহকারী মেইটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১০. | পরিসংখ্যান কর্মকর্তা | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১১. | সহকারী প্রকৌশলী | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>মেইনটেন্যান্স সুপারভাইজার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১২. | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান অথবা ফাইন্যান্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৩. | সহকারী লাইব্রেরিয়ান/ প্রশাসনিক কর্মকর্তা | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>জুনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪. | মেইনটেনেন্স সুপারভাইজার | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>মেকানিক/অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৫. | উপসহকারী পরিচালক | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৩৩ ভাগ পদ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, ব্যক্তিগত সহকারী, প্রধান সহকারী/ উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী, প্রধান সহকারীগণের মধ্য হইতে এবং শতকরা ৬৭ ভাগ পদ অফিস তত্ত্বাবধায়কগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস তত্ত্বাবধায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা ব্যক্তিগত সহকারী, প্রধান সহকারী/উচ্চমান সহকারী, প্রধান সহকারী, উচ্চমান সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৬. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাবরক্ষক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা ফাইন্যান্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৭. | সহকারী নিরাপত্তা কর্মকর্তা | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কেয়ারটেকার পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৮. | সহকারী লাইব্রেরিয়ান | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৬০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জুনিয়র লাইব্রেরিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বা তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৯. | অফিস তত্ত্বাবধায়ক | ৩২ বৎসর | মোট পদে শতকরা ২০ ভাগ পদ প্রধান সহকারী/ উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী, প্রধান সহকারী এবং শতকরা ৮০ ভাগ পদ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিসংখ্যান সহকারী এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রধান সহকারী/উচ্চমান সহকারী বা উচ্চমান সহকারী বা প্রধান সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসর অথবা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কেয়ারটেকার পদে অন্যূন ১০ (দশ) বৎসরে চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে-কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | কেয়ারটেকারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ২০. | জুনিয়র লাইব্রেরিয়ান | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>টেকনিক্যাল এ্যাসিসট্যান্ট (ক্যাটালগার), টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার) বা টেকনিক্যাল সহকারী পদে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২১. | কম্পিউটার অপারেটর | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) ইনসার্ভিস ট্রেনিং এ উত্তীর্ণ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ২২. | (ক) টেকনিক্যাল এ্যাসিসট্যান্ট (ক্যাটালগার)<br>(খ) টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার)<br>(গ) টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার) | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>রিডিং হল এ্যাসিসট্যান্ট, লাইব্রেরি এ্যাসিসট্যান্ট (রিডিং হল এ্যাসিসট্যান্ট), পাঠকক্ষ সহকারী, রেফারেন্স সহকারী, রেফারেন্স এ্যাসিসট্যান্ট বা পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৩. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ২৪. | (ক) রিডিং হল এ্যাসিসট্যান্ট<br>(খ) লাইব্রেরি এ্যাসিসট্যান্ট (রিডিং হল এ্যাসিসট্যান্ট)<br>(গ) পাঠকক্ষ সহকারী<br>(ঘ) রেফারেন্স সহকারী<br>(ঙ) রেফারেন্স এ্যাসিসট্যান্ট<br>(চ) পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>লাইব্রেরি এ্যাসিসট্যান্ট বা লাইব্রেরি সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বা তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৫. | ব্যক্তিগত সহকারী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩২ শব্দ; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬. | (ক) প্রধান সহকারী/ উচ্চমান সহকারী<br>(খ) উচ্চমান সহকারী<br>(গ) প্রধান সহকারী | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৪ (চার) বৎসর বা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br><br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭. | মেকানিক/ অপারেটর | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ইলেকট্রিশিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন;<br><br>(গ) ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার ক্ষেত্রে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা; এবং<br><br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৮. | পরিসংখ্যান সহকারী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯. | হিসাব রক্ষক | ৩২ বৎসর | মোট পদের শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>একাউন্টস এ্যাসিসট্যান্ট বা ক্যাশিয়ার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩০. | (ক) লাইব্রেরি এ্যাসিসট্যান্ট<br>(খ) লাইব্রেরী সহকারী | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>বুকসর্টার (অফিস সহায়ক), অফিস সহায়ক (বুকসর্টার) বা বুকসর্টার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১. | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী | | |
| ৩২. | স্টোর কিপার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৪. | একাউন্টস এ্যাসিসটেন্ট | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫. | ক্যাশিয়ার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬. | কেয়ারটেকার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৭. | ইলেকট্রিশিয়ান | ৩২ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হেলপার/এটেনডেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮. | (ক) ড্রাইভার<br>(খ) গাড়ি চালক | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৯. | হেলপার/ এটেনডেন্ট | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪০. | ডেসপাচ রাইডার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মোটর সাইকেল চালনার বৈধ লাইসেন্সধারী;<br>(গ) মোটর সাইকেল চালনায় অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১. | (ক) বুকসর্টার (অফিস সহায়ক)<br>(খ) অফিস সহায়ক (বুকসর্টার)<br>(গ) বুক সর্টার | ৩২ বৎসর | মোট পদের শতকরা ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>বাইন্ডার (অফিস সহায়ক), বাইন্ডার, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী (অফিস সহায়ক), অফিস সহায়ক (ক্লীনার), অফিস সহায়ক (নিরাপত্তা প্রহরী), অফিস সহায়ক-কাম-নিরাপত্তা প্রহরী বা নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪২. | (ক) বাইন্ডার (অফিস সহায়ক)<br>(খ) বাইন্ডার | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বই বাঁধাই সংক্রান্ত কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩. | অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী (অফিস সহায়ক)/ অফিস সহায়ক (ক্লীনার)/ অফিস সহায়ক (নিরাপত্তা প্রহরী)/ অফিস সহায়ক-কাম-নিরাপত্তা প্রহরী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৪. | নিরাপত্তা প্রহরী | ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫. | (ক) চেকপোস্ট প্রহরী<br>(খ) চেকপোস্ট এটেনডেন্ট | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫” অনুযায়ী। | | |

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৬. | মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী। | | |
| ৪৭. | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫" অনুযায়ী। | | |

**তফসিল-২**

[বিধি ২ (গ), (ঙ) এবং তফসিল-১ এর ক্রমিক ২০, ২২, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩২, ৩৪, ৩৫, ৩৬ ও ৩৭ দ্রষ্টব্য]

জুনিয়র লাইব্রেরিয়ান, টেকনিক্যাল এ্যাসিসট্যান্ট (ক্যাটালগার), টেকনিক্যাল সহকারী (ক্যাটালগার), টেকনিক্যাল সহকারী, রিডিং হল এ্যাসিসট্যান্ট, লাইব্রেরি এ্যাসিসট্যান্ট (রিডিং হল এ্যাসিসট্যান্ট), পাঠকক্ষ সহকারী, রেফারেন্স সহকারী, রেফারেন্স এ্যাসিসট্যান্ট, পাঠকক্ষ সহকারী-কাম-রেফারেন্স সহকারী, ব্যক্তিগত সহকারী, প্রধান সহকারী/উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী, প্রধান সহকারী, মেকানিক/অপারেটর, পরিসংখ্যান সহকারী, হিসাব রক্ষক, লাইব্রেরি এ্যাসিসট্যান্ট, লাইব্রেরি সহকারী, ষ্টোরকিপার, এ্যাকাউন্টস এ্যাসিসট্যান্ট, ক্যাশিয়ার, কেয়ারটেকার এবং ইলেক্ট্রিশিয়ান পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষার পদ্ধতি | পরীক্ষার বিষয়াবলি | বিষয় ভিত্তিক নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (ক) | লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজি | ২০ | | |
| | | গণিত | ১৫ | | |
| | | প্রাসঙ্গিক টেকনিক্যাল/ সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | | মোট | ৭০ | | |
| (খ) | মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট নম্বর | | | ১০০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

[ বিধি ২ (গ), (ঙ) এবং তফসিল-১ এর ক্রমিক ৩৯, ৪০, ৪১, ৪২ ও ৪৩ দ্রষ্টব্য ]

হেলপার/এটেনডেন্ট, ডেসপাচ রাইডার, বুকসর্টার (অফিস সহায়ক), অফিস সহায়ক (বুকসর্টার), বুকসর্টার, বাইন্ডার (অফিস সহায়ক), বাইন্ডার, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী (অফিস সহায়ক)/ অফিস সহায়ক (ক্লিনার)/অফিস সহায়ক (নিরাপত্তা প্রহরী)/অফিস সহায়ক কাম-নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষার পদ্ধতি | পরীক্ষার বিষয়াবলি | বিয়য় ভিত্তিক নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (ক) | লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৫০% | ১ ঘন্টা |
| | | ইংরেজি | ২০ | | |
| | | গণিত | ২০ | | |
| | | প্রাসঙ্গিক টেকনিক্যাল/ সাধারণ জ্ঞান | ১০ | | |
| | | মোট | ৭০ | | |
| (খ) | মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| সর্বমোট নম্বর | | | ১০০ | | |

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিদুর রহমান**

সচিব।

মোঃ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd